



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/15/2022

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর হোকল পাঁচ বছরের কম বয়সী শিশুদের কোভিড-19 টিকার ফেডারেল অনুমোদন প্রদানের অগ্রগতির উপর আলোকপাত করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে পাঁচ বছরের কম বয়সী শিশুদের কোভিড-19 টিকার চূড়ান্ত ফেডারেল অনুমোদন প্রদানের অগ্রগতির উপর আলোকপাত করলেন।

"এটি একটি স্বাগত সংবাদ যার জন্য পিতামাতা ও অভিভাবকেরা ধৈর্য ধরে অপেক্ষা করছিলো, যাতে তাদের ছোট শিশুদের কোভিড-19 থেকে সেরা সুরক্ষা প্রদান করা যায়," **গভর্নর হোকল বলেন।** "একবার এটি অনুমোদিত হলে, আমি পিতামাতা ও অভিভাবকদের উৎসাহিত করবো নিজেদের ছোট শিশুদের গ্রীষ্মকালীন ছুটির মধ্যে টিকা প্রদান করার ব্যাপারে নিজ নিজ শিশু বিশেষজ্ঞ চিকিৎসকের সাথে যোগাযোগ করতে। কোভিড-19 থেকে সেরা সুরক্ষা প্রদান করে টিকা, এবং আমরা আমাদের চলমান মহামারী প্রস্তুতি প্রচেষ্টার অংশ হিসেবে নিউ ইয়র্কবাসীদের জন্য এটি ব্যাপকভাবে উপলভ্য করতে কাজ চালিয়ে যাবো।"

আজকে, খাদ্য ও ঔষধ প্রশাসনের (Food and Drug Administration) উপদেষ্টা কমিটি ছয় মাস থেকে পাঁচ বছর বয়সী শিশুদের জন্য মডার্না (Moderna) এবং ফাইজার (Pfizer)/বায়োএনটেক (BioNTech) কোভিড-19 টিকার জন্য জরুরি ব্যবহার অনুমোদনের (Emergency Use Authorization) সংশোধনীর অনুমোদন প্রদান করেছে। এরপর, খাদ্য ও ঔষধ প্রশাসন টিকার অনুমোদনের উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে, যার পরে সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) এর পরিচালক ডাঃ রোশেল ওয়ালেনস্কি সুপারিশ করবেন। CDC পরিচালক টিকাটি সুপারিশ করার পর, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্ট (New York State Department of Health) সেবাদানকারীদের জন্য নির্দেশনা লিখবে ও জারি করবে।

নিউ ইয়র্ক স্টেট ইতিমধ্যে পাঁচ বছরের কম বয়সী শিশুদের টিকার হার বৃদ্ধি করার জন্য প্রস্তুতি নিচ্ছে। স্টেটব্যাপী টিকাদানকারীরা ইতিমধ্যে 39,000 ডোজের প্রাথমিক অর্ডার দিয়েছে। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্ট স্টেটব্যাপী সেবাদানকারীরা যাতে অতিরিক্ত ডোজের জন্য অনুরোধ করতে পারে তা নিশ্চিত করতে, এবং একইসাথে এই গ্রীষ্মকালে শুরু হতে যাওয়া টিকার ব্যাপার উৎসাহিত করতে স্টেটব্যাপী সার্বিক পেইড মিডিয়া ক্যাম্পেইন নির্মাণ করতে কাজ করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418